শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২২২২২৩০০৭৬

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

রেজিঃ উইথ এ/ডি
Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
dir.discipline.bwdb@gmail.com

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-১৮৪

তারিখ: ০৯/০৫/১৪৩২ বঙ্গাব্দ
২৪/০৮/২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।**

যেহেতু, আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, হিসেবে গত ১৫-০৯-২০২৪ খ্রিঃ তারিখে মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা'য় যোগদান করেন। যোগদানের পর আপনি গত ০৬-১০-২০২৪ খ্রিঃ থেকে ০৮-১০-২০২৪ খ্রিঃ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে ০৯-১০-২০২৪ খ্রিঃ তারিখ হতে দপ্তরে অনুপস্থিত থেকে পুনরায় গুরুতর অসুস্থ অবস্থায় চিকিৎসাধীন আছেন মর্মে ১৪-১০-২০২৪ খ্রিঃ হতে ১৪-১২-২০২৪ খ্রি পর্যন্ত (২ মাস ২ দিন) ছুটির দরখাস্ত বাহক মারফত প্রেরণ করেন। পরবর্তীতে আপনি অসুস্থতাজনিত কারণে ১৭-১২-২০২৪ খ্রিঃ হতে ০১-০৩-২০২৫ খ্রিঃ পর্যন্ত পুনরায় ছুটি বৃদ্ধির আবেদন করেন। কিন্তু গুরুতর অসুস্থতার স্বপক্ষে কোনো ডাক্তারী সনদপত্র সংযুক্ত না করায় তা দাখিলের জন্য গত ২১-১১-২০২৪ খ্রিঃ তারিখে সংশ্লিষ্ট দপ্তর হতে আপনাকে পত্র দেওয়া হয়। তদুপরি আপনি কোন প্রমাণক দাখিল করেননি। তাছাড়া, আপনি অদ্যাবধি দপ্তরে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। আপনি অদ্যাবধি কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন, যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের পর্যায়ে পড়ে, যা সুষ্ঠু নিয়ম শৃঙ্খলা পরিপন্থী এবং এরূপ কার্যের জন্য আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-৬৪ তারিখঃ ২৪/০৩/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন। পরবর্তীতে, অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-৭০ তারিখঃ ১৬/০৪/২০২৫ খ্রিঃ মোতাবেক আপনাকে ৩(তিন) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য শেষবারের মত নির্দেশনা প্রদান করা হয়। তৎসত্ত্বেও আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত রয়েছেন সেহেতু কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২৫-১১০; তারিখঃ ২৪/০৫/২০২৫ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবো'র চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

২৪/৮/২৫

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

**প্রাপকঃ**

১। জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
২। জনাব মোঃ সাইফুল ইসলাম, অফিস সহায়ক, বাসা নং-এফ-১৮/বি, সাগরদি ওয়াপদা কলোনী, বাপাউবো, বরিশাল।
৩। জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা-মোঃ আনোয়ার হোসেন, গ্রাম-হাতেমপুর, ডাকঘর+থানা-পাথরঘাটা, জেলাঃ বরগুনা।

**কার্যার্থে/জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

E:\Quddus\Showcause.docx25